# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১১৩) কুরআন মাজীদে কিভাবে হাশরের বর্ণনা এসেছে?

উত্তরঃ কুরআন মাজীদে হাশরের মাঠে মানুষকে একত্রিত করার ধরণ বর্ণনায় অনেক আয়াত রয়েছে। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

(وَلَقَدْ جِئْتُمُونَا فُرَادَى كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ)

‘‘আর তোমরা আমার কাছে এককভাবে এসেছ। যেভাবে প্রথমবার আমি তোমাদেরকে সৃষ্টি করেছিলাম’’। (সূরা আনআমঃ ৯৪) আল্লাহ্ তাআলা বলেনঃ

(وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ مِنْهُمْ أَحَدًا)

‘‘সেদিন তাদেরকে একত্রিত করব, তাদের কাউকেও ছাড়ব না’’। (সূরা কাহ্ফঃ ৪৭) আল্লাহ তা’আলা বলেনঃ

يَوْمَ نَحْشُرُ الْمُتَّقِينَ إِلَى الرَّحْمَنِ وَفْدًا وَنَسُوقُ الْمُجْرِمِينَ إِلَى جَهَنَّمَ وِرْدًا

‘‘সেদিন দয়াময় আল্লাহর কাছে পরহেজগারদেরকে সম্মানিত অতিথিরূপে সমবেত করা হবে’’ এবং আমি অপরাধীদেরকে পিপাসার্ত অবস্থায় জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাব।’’ (সূরা মারইয়ামঃ ৮৫-৮৬) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَكُنْتُمْ أَزْوَاجًا ثَلَاثَةً * فَأَصْحَابُ الْمَيْمَنَةِ مَا أَصْحَابُ الْمَيْمَنَةِ * وَأَصْحَابُ الْمَشْأَمَةِ مَا أَصْحَابُ الْمَشْأَمَةِ * وَالسَّابِقُونَ السَّابِقُونَ

‘‘আর তোমরা তিন শ্রেণীতে বিভক্ত হবে। এক শ্রেণী ডান হাতে আমলনামা পাবে। কতই না ভাগ্যবান হবে ডান হাতের দল! আরেক শ্রেণী বাম হাতে আমলনামা পাবে। কত হতভাগ্য হবে বাম হাতের দল! আর অগ্রবর্তীগণই তো অগ্রবর্তী’’। (সূরা ওয়াকিয়াঃ ৭-১০) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

يَوْمَئِذٍ يَتَّبِعُونَ الدَّاعِيَ لاَ عِوَجَ لَهُ وَخَشَعَتِ الأَصْوَاتُ لِلرَّحْمَنِ فَلاَ تَسْمَعُ إِلاَّ هَمْسًا

‘‘সেদিন তারা আহবানকারীর অনুসরণ করবে। তার কথা এদিক সেদিক হবে না। দয়াময় আল্লাহর ভয়ে সকল শব্দ ক্ষীণ হয়ে যাবে। সুতরাং মৃদু পদধ্বনি ব্যতীত তুমি কিছুই শুনবে না’’। (সূরা তোহাঃ ১০৮) হাশরের মাঠের দিকে অগ্রসর হওয়ার সময় উটের পদধ্বনির ন্যায় আওয়াজ হবে। আল্লাহ তাআলা আরও বলেনঃ

وَمَنْ يَهْدِ اللَّهُ فَهُوَ الْمُهْتَدِي وَمَنْ يُضْلِلْ فَلَنْ تَجِدَ لَهُمْ أَوْلِيَاءَ مِنْ دُونِهِ وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلَى وُجُوهِهِمْ

‘‘আল্লাহ্ যাকে পথ প্রদর্শন করেন, সেই সঠিক পথপ্রাপ্ত। আর আল্লাহ্ যাকে গোমরাহ করেন, তাদের জন্য আপনি আল্লাহ্ ছাড়া কোন সাহায্যকারী পাবেন না। আমি কিয়ামতের দিন তাদের সমবেত করব তাদের মুখে ভর দিয়ে চলা অবস্থায়’’। (সূরা বানী ইসরাঈলঃ ৯৭) উক্ত আয়াতগুলো ছাড়াও আরো আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন